

পাঁচ ঘণ্টা অবরুদ্ধ ছিলেন বুয়েট উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

২৫ জুন, ২০২৪ ০৩:১৮

শেয়ার

অ +

অ -



কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি বিষয়ক একটি নীতিমালা বাতিলের খবর পেয়ে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) উপাচার্য সত্যপ্রসাদ মজুমদারকে বিকেল ৪টা থেকে সোয়া ৯টা পর্যন্ত অবরুদ্ধ করে রেখেছিলেন বুয়েট কর্মকর্তা-কর্মচারীরা।

সোমবার (২৪ জুন) বিকেল ৪টা থেকে রাত সোয়া ৯টা পর্যন্ত নিজ কার্যালয়ে অবরুদ্ধ ছিলেন বুয়েট উপাচার্য। শেষ কর্মদিবসের আগের দিন পদোন্নতি ইস্যু বিষয়ক নীতিমালায় তাকে পাঁচ ঘণ্টা অবরুদ্ধ করে রাখা হয়।

অবরুদ্ধ করে রাখা কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে কথা বলে জানা যায়, গত বছরের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত এক সিন্ডিকেট সভায় পদোন্নতি বিষয়ক নীতিমালা-২০১৫ বাতিল করা হয়।

কিন্তু বিষয়টি এতদিন জানানো হয়নি। গত রবিবার সেটি একটি অফিস আদেশের মাধ্যমে জানানো হয়। এতে কর্মকর্তা-কর্মচারীরা এই নীতিমালা বাতিলের দাবিতে উপাচার্যকে অবরুদ্ধ করে। এসময় তাদের দাবি ছিল কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতির জন্য নতুন একটি নীতিমালা প্রণয়ন করা।

নতুন নীতিমালা প্রণয়ন করা পর্যন্ত পুরোনো নীতিমালা-২০১৫ বহাল রাখা।

সরেজমিনে দেখা যায়, সোমবার বিকেল থেকে উপাচার্য অবরুদ্ধ করে রাখার পর পৌনে ৮টা নাগাদ উপাচার্যের সঙ্গে দেখা করতে কর্মকর্তা-কর্মচারীদের ১০ জন প্রতিনিধি যান। এসময় প্রায় দেড় ঘণ্টা বৈঠক করার পর তারা সোয়া ৮টা নাগাদ উপাচার্য কার্যালয় থেকে বের হন।

এসময় বুয়েটের টেকনিক্যাল অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক খন্দকার গোলাম সিদ্দিক ও এমপ্লয়িস অ্যাসোসিয়েশনের সভাপতি শফিকুল ইসলাম ভূইয়া কালের কণ্ঠকে বলেন, উপাচার্য মহোদয়ের কাছে আমরা আমাদের দাবিগুলো লিখিত জানিয়েছিলাম।

সেই বিষয়ে এতক্ষণ কথা হয়েছে। তিনি আমাদের লিখিত দাবির বিষয়ে পরবর্তী সিডিকেট সভায় যেন আলোচনা হয় সেটি সুপারিশ করে পত্রটি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ফরওয়ার্ড করেছেন। তাই আমরা আমাদের আন্দোলন-পরবর্তী সিডিকেট সভা পর্যন্ত স্থগিত ঘোষণা করছি।